

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় কার্যালয়  
ডামুড্যা, শরীয়তপুর।

আদেশ নং- ১৪৬

তারিখ ৬/০৮/২০২৩ খ্রি.

যেহেতু ডামুড্যা উপজেলার ফেইথফুল বহুমুখী সমবায় সমিতি লিঃ এর ব্যবস্থাপনা কমিটি তাদের মেয়াদ কালের মধ্যে নির্বাচনের মাধ্যমে নতুন ব্যবস্থাপনা কমিটি গঠনে ব্যর্থ হওয়ার ফলে বর্তমানে সমিতির ব্যবস্থাপনা কমিটিতে শূন্যতা বিরাজ করছে সেহেতু সমিতির স্বাভাবিক কার্যক্রম পরিচালনা ও নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে নিয়মিত ব্যবস্থাপনা কমিটি গঠনের লক্ষ্যে সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০০২, ২০১৩) এর ১৮(৫) ধারা মোতাবেক নিম্নবর্ণিত ভাবে সরকারী কর্মকর্তা এবং সমিতির সদস্যগণের সম্মুখে ফেইথফুল বহুমুখী সমবায় সমিতি লিঃ এ অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ দেওয়া হ'ল। আলোচ্য কমিটির মেয়াদ আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ১২০ (এক শত বিশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে।

ক্রঃ নং	নাম	পদবী
০১	জনাব শেখ নূরজামাল সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, ডামুড্যা, শরীয়তপুর।	সভাপতি
০২	জনাব মোঃ জুয়েল, সদস্য নং-১৬, ফেইথফুল বহুমুখী সমবায় সমিতি লিঃ	সদস্য
০৩	জনাব কামাল আহমেদ, সদস্য নং- ২০, ফেইথফুল বহুমুখী সমবায় সমিতি লিঃ	সদস্য

নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটি তাদের মেয়াদকালের মধ্যে বিশেষ সাধারণ সভা আহবান করে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২, ২০১৩) ও সমবায় বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এবং নিবন্ধক ও মহা-পরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় কর্তৃক জারিকৃত নির্বাচন সংক্রান্ত পরিপত্র মোতাবেক নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে পরবর্তী নিয়মিত ব্যবস্থাপনা কমিটি গঠন করবেন।

- ০১। অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি খসড়া ভোটার তালিকা অনুমোদন করে সকল সদস্যের নিকট প্রেরণ করবেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করবেন।
- ০২। নির্বাচনের তারিখ নির্ধারণ করে নির্বাচনী নোটিশ সকল সদস্যের নিকট প্রেরণ করবেন।
- ০৩। নিয়োগকৃত অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক সমিতির কার্যক্রম পরিচালনা করবেন।

মোঃ রাশেদ আলম)  
উপজেলা সমবায় অফিসার  
ডামুড্যা, শরীয়তপুর।  
তারিখ ৬/০৮/২০২৩ খ্রি.

স্মারক নং- ১৪৬/১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল:

- ০১। জেলা সমবায় অফিসার, শরীয়তপুর।
- ০২। জনাব শেখ নূরজামাল, সভাপতি/জনাব মোঃ জুয়েল/জনাব কামাল আহমেদ, সদস্য, ফেইথফুল বহুমুখী সমবায় সমিতি লিঃ, ডামুড্যা, শরীয়তপুর।  
সমিতির সকল দায়িত্বভার গ্রহণ পূর্বক অত্র কার্যালয়কে অবহিত করবেন এবং সমবায় আইন ও বিধিমালা অনুযায়ী কার্য পরিচালনা করার জন্য বলা হলো।
- ০৩। সভাপতি, মেয়াদোত্তীর্ণ ব্যবস্থাপনা কমিটি তাঁকে অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির নিকট অনতিবিলম্বে সমিতির সকল খাতা পত্র ও রেকর্ড পত্র সহ দায়িত্ব ভার হস্তান্তর করার জন্য বলা হলো।
- ০৪। সংশ্লিষ্ট নথি।

মোঃ রাশেদ আলম)  
উপজেলা সমবায় অফিসার  
ডামুড্যা, শরীয়তপুর।

তারিখ ৬/০৮/২০২৩ খ্রি.